# প্রিমিয়ার ইউনিভার্সিটি

বুলেটিন

প্রতিষ্ঠাতা: আলহাজ্ব এবিএম মহিউদ্দিন চৌধুরী

এপ্রিল ২০১৯, ২য় সংখ্যা

### প্রিমিয়ার ইউনিভার্সিটিতে গণহত্যা দিবস উদযাপন

## বাঙালি এই বিভীষিকাময় রাতের কথা কোনদিন ভুলবে না

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য ও প্রিমিয়ার ইউনিভার্সিটির প্রফেসর ড. মোহীত উল আলম বলেন, ১৯৭১ সালের ২৫ মার্চ রাতে পাকিস্তানী হানাদার বাহিনী অপারেশন সার্চলাইট পরিচালনার মাধ্যমে এদেশে গণহত্যার সূচনা করে। তারা ঢাকার পিলখানার ইপিআর সদর দপ্তর, রাজারবাগ পুলিশলাইনসহ দেশের বিভিন্ন স্থানে ট্যাংক, মেশিনগান ও ভারি অস্ত্র-শস্ত্র সহযোগে ভয়াবহ আক্রমণ চালিয়ে নিরীহ বাঙালিদের হত্যা করতে থাকে। সেই রাতে ঢাকা ও চট্টগ্রামে অগণিত নিরীহ বাঙালিকে হত্যা করা হয়। বাঙালি এই বিভীষিকাময় রাতের কথা কোনদিন ভুলতে পারবে না। ২৫ মার্চ ২০১৯, রাত ১০টায় জিইসি মোড়স্থ প্রিমিয়ার ইউনিভার্সিটির কেন্দ্রীয় শহীদ মিনার প্রাঙ্গণে গণহত্যা দিবস উপলক্ষে প্রিমিয়ার ইউনিভার্সিটি আয়োজিত আলোচনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। ড. মোহীত উল আলম আরও বলেন, ২৫ মার্চ রাতে গণহত্যা শুরুর পর পর হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর



রহমান স্বাধীনতা ঘোষণা করেন। ২৬ মার্চ দুপুরে ও সন্ধ্যায় চট্টগ্রামের কালুরঘাট বেতারকেন্দ্র থেকে আওয়ামীলীগ নেতা এম.এ. হান্নান বঙ্গবন্ধুর এই স্বাধীনতা ঘোষণা পাঠ করেন। শহীদ মিনার প্রাঙ্গণে গণহত্যায় শহীদদের শ্রদ্ধা নিবেদনের উদ্দেশ্যে প্রদীপ প্রজ্জলন করার পর উপাচার্যের উপদেষ্টা ও প্রধান প্রকৌশলী আবু তাহেরের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা অনুষ্ঠানের সঞ্চালক ছিলেন তড়িৎ প্রকৌশল বিভাগের প্রভাষক সাইফুদ্দিন মুন্না। এই অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন রেজিস্ট্রার খুরশিদুর রহমান, পরীক্ষা নিয়ন্ত্রক শেখ মুহাম্মদ ইব্রাহিম প্রমুখ। এসময় উপস্থিত ছিলেন ব্যবসা-শিক্ষা অনুষদের সহকারী ডিন মঈনুল হক, প্রক্টর আহমদ রাজীব চৌধুরী, স্থাপত্য বিভাগের চেয়ারম্যান সোহেল এম শাকুর, ইংরেজি বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খান, অর্থনীতি বিভাগের চেয়ারম্যান ফারজানা ইয়াসমিন চৌধুরী, তড়িৎ প্রকৌশল বিভাগের চেয়ারম্যান টুটন চন্দ্র মল্লিক প্রমুখ। এছাড়া আরও উপস্থিত ছিলেন উপ-পরিচালক (হিসাব) হাছানুল ইসলাম চৌধুরী এবং ডেপুটি লাইব্রেরিয়ান কাউসার আলম প্রমুখ।

## ব্যবসা-প্রশাসন বিভাগে সেমিনার



দামপাড়াস্থ প্রিমিয়ার ইউনিভার্সিটি ভবনে ব্যবসা-প্রশাসন বিভাগে হিসাববিজ্ঞান মেজরের এমবিএ ২৭ তম ব্যাচের উদ্যোগে 'কর্পোরেট এনভাইরোনমেন্টাল অ্যাকাউন্টিং' শীর্ষক এক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। ৮ মার্চ ২০১৯ অনুষ্ঠিত এই সেমিনারে অতিথি বক্তা ছিলেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের হিসাববিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক মো. আলী আরশাদ চৌধুরী। অনুষ্ঠানটির সার্বিক তত্ত্বাবধানে ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির হিসাববিজ্ঞান মেজরের শিক্ষক সুমনা পোদ্দার।

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে সিন্ডিকেট সভা অনুষ্ঠিত



২১ এপ্রিল ২০১৯, বিকেল ৫ টায় প্রিমিয়ার ইউনিভার্সিটির সিন্ডিকেট সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় সভাপতিত্ব করেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, শিক্ষায় একুশে পদকপ্রাপ্ত প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য ও সিন্ডিকেট চেয়ারম্যান প্রফেসর ড. অনুপম সেন। সভায় কনভোকেশন সম্পর্কে আলোচনা, কনভোকেশন কমিটি গঠন, একাডেমিক কাউন্সিলের কার্যবিবরণী অনুমোদন এবং বিভাগীয় প্লেনিং কমিটিসমূহ অনুমোদন করা হয়। এছাড়া ২০১৮ সালের বার্ষিক প্রতিবেদন উপস্থাপন ও অনুমোদন করা হয়। সভা চলাকালীন সময়ে প্রিমিয়ার ইউনিভার্সিটির বোর্ড অফ ট্রাস্টিজের মাননীয় চেয়ারম্যান, মাননীয় শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী এমপি সভায় যোগদান করেন। এসময় তিনি ইউনিভার্সিটির সার্বিক কার্যক্রম সম্পর্কে জ্ঞাত হন। সভায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার বিশেষ সহকারী ব্যারিস্টার বিপ্লব বড়ুয়া সিন্ডিকেট সদস্য হিসেবে উপস্থিত ছিলেন। সভায় আরও উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার ও সিন্ডিকেট সদস্য প্রফেসর এ.কে.এম. তফজল হক, সিন্ডিকেট সদস্য শিক্ষা মন্ত্রণালয়ের পরিকল্পনা প্রধান কাজী মনিরুল ইসলাম, প্রফেসর ড. মোহীত উল আলম, প্রফেসর ড. তৌফিক সাঈদ, অ্যাসোসিয়েট প্রফেসর এম. মঈনুল হক এবং সদস্য সচিব রেজিস্ট্রার খুরশিদুর রহমান।

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে স্বাধীনতা দিবস উদযাপন




জিইসি মোড়স্থ প্রিমিয়ার ইউনিভার্সিটির কেন্দ্রীয় শহীদ মিনার প্রাঙ্গণে ইউনিভার্সিটির পক্ষ থেকে স্বাধীনতা দিবস উদযাপন করা হয়েছে। স্বাধীনতা দিবস উপলক্ষে ২৬ মার্চ ২০১৯, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য ও প্রিমিয়ার ইউনিভার্সিটির প্রফেসর ড. মোহীত উল আলমের নেতৃত্বে পুষ্পমাল্য অর্পণ করে মুক্তিযুদ্ধের শহীদদের প্রতি শ্রদ্ধা জানানো হয়। এরপর ইউনিভার্সিটির কর্মকর্তা-কর্মচারি, গণিত বিভাগ, তড়িৎ প্রকৌশল বিভাগ, ইংরেজি বিভাগ, ব্যবসা-শিক্ষা অনুষদ, আইন বিভাগ, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, স্থাপত্য বিভাগ, অর্থনীতি বিভাগ, সমাজবিজ্ঞান বিভাগ, প্রিমিয়ার ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটি, প্রিমিয়ার ইউনিভার্সিটি ল' অ্যালামনাই অ্যাসোসিয়েশন (পুলা) কর্তৃক পুষ্পমাল্য অর্পণ করা হয়। এসময় উপস্থিত ছিলেন ব্যবসা-শিক্ষা অনুষদের সহকারী ডিন এম. মঈনুল হক, প্রক্টর আহমদ রাজীব চৌধুরী, স্থাপত্য বিভাগের চেয়ারম্যান সোহেল এম শাকুর, ইংরেজি বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খান, অর্থনীতি বিভাগের চেয়ারম্যান ফারজানা ইয়াসমিন চৌধুরী, তড়িৎ প্রকৌশল বিভাগের চেয়ারম্যান টুটন চন্দ্র মল্লিক প্রমুখ। এছাড়া আরও উপস্থিত ছিলেন উপাচার্যের উপদেষ্টা ও প্রধান প্রকৌশলী মো. আবু তাহের, রেজিস্ট্রার খুরশিদুর রহমান, পরীক্ষা নিয়ন্ত্রক শেখ মুহাম্মদ ইব্রাহিম, উপ-পরিচালক (হিসাব) হাছানুল ইসলাম চৌধুরী এবং ডেপুটি লাইব্রেরিয়ান কাউসার আলম প্রমুখ।

### প্রিমিয়ার ইউনিভার্সিটিতে বর্ষবরণ অনুষ্ঠান

## বাংলা নববর্ষ বাঙালির সর্বজনীন লোকউৎসব

প্রিমিয়ার ইউনিভার্সিটিতে উৎসাহ-উদ্দীপনার সাথে বাংলা নববর্ষ ১৪২৬ উদযাপন করা হয়েছে। অর্থনীতি বিভাগ, আইন বিভাগ, ব্যবসা-শিক্ষা অনুষদ, স্থাপত্য বিভাগ ও ইংরেজি বিভাগের উদ্যোগে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়।




**অর্থনীতি বিভাগ:** হাজারী গলিস্থ প্রিমিয়ার ইউনিভার্সিটি ভবনে অর্থনীতি বিভাগ আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির মনোনীত ট্রেজারার, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থাপনা বিভাগের অধ্যাপক এ.কে.এম তফজল হক। তিনি বাংলা নববর্ষকে ‘বাঙালির সর্বজনীন লোকউৎসব’ মন্তব্য করেন। বিভাগের চেয়ারম্যান ফারজানা ইয়াসমিন চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের অধ্যাপক আমিরুল ইসলাম ও প্রিমিয়ার ইউনিভার্সিটির রেজিস্ট্রার খুরশিদুর রহমান।

বিভাগের ছাত্রী শান্তা বিশ্বাসের সঞ্চালনায় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিভাগের প্রক্টর আহমদ রাজীব চৌধুরী, সহকারী অধ্যাপক হিল্লোল সাহা, বিদ্যুৎ কান্তি নাথ, প্রভাষক বদরুল হাসান আউয়াল, অর্পিতা দত্ত, ফারিয়া হোসেন বর্ষা, সুদীপ দে ও নাহিদা আক্তার প্রমুখ। শেষে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।



**আইন বিভাগ:** প্রতি বছরের ন্যায় এবারও বৈশাখী সাজে সেজেছে প্রিমিয়ার ইউনিভার্সিটি আইন বিভাগ। আইন বিভাগের ২৭তম ব্যাচের উদ্যোগে প্রায় সপ্তাহ খানেক ধরেই চলেছে এই জাঁকজমকপূর্ণ আয়োজন। বাঙালির প্রাণের উৎসব পহেলা বৈশাখ জাতির এক অবিচ্ছেদ্য অংশ। নববর্ষকে কেন্দ্র করে আয়োজিত উৎসব-অনুষ্ঠানাদির মাধ্যমে বাঙালি জাতির সমাজ সংস্কৃতির চিরাচরিত ঐতিহ্য ফুটে ওঠে। পোশাক, খাবার-দাবার সবকিছুতে প্রকৃত বাঙালির চিত্র পরিলক্ষিত হয়। এবারের পহেলা বৈশাখে আইন বিভাগের মূল আকর্ষণ হিসেবে ছিল নগরীর প্যারাগন সিটিতে এক মনোমুগ্ধকর সাংস্কৃতিক অনুষ্ঠান। এতে উপস্থিত ছিলেন বিভাগের সহকারী অধ্যাপক সঞ্জয় বিশ্বাস, হিল্লোল সাহা, হোমায়রা নওশিন উর্মি, ফরিদ উদ্দিন আহমেদ নোমান, প্রভাষক তাহমিনা সানজিদা। সাংস্কৃতিক অনুষ্ঠান ছাড়াও প্রতি বছরের ন্যায় এবারও ক্যাম্পাস প্রাঙ্গণ থেকে শুরু করে সিনেমা প্যালেস টিএন্ডটি রোডের সামনে পর্যন্ত রাঙানো হয় আলপনায়, যেখানে প্রাধান্য পায় বাঙালির ঐতিহ্যের দেশীয় সংস্কৃতি। এছাড়াও রবিবার (১৪ এপ্রিল) সকালে বিভাগের শিক্ষার্থীদের অংশগ্রহণে মঙ্গল শোভাযাত্রারও আয়োজন করা হয়।

**ব্যবসা-শিক্ষা অনুষদ:** ‘তাপস নিশ্বাস বায়ে/মুমূর্ষুরে দাও উড়ায়ে/বৎসরের আবর্জনা দূর হয়ে যাক যাক/এসো এসো/এসো হে বৈশাখ এসো এসো...’ বৈশাখী এই সুরের মূর্ছনায় শুরু হয় প্রিমিয়ার ইউনিভার্সিটির ব্যবসা-শিক্ষা অনুষদের বর্ষবরণ ১৪২৬। মূল ফটক থেকে অডিটোরিয়াম ছিল বৈশাখী রঙে রঙিন। ছিল এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন। এই অনুষদের নিজস্ব অডিটোরিয়ামে আয়োজিত অনুষ্ঠানটিতে রবীন্দ্র সঙ্গীত, লোকসঙ্গীত, ব্যান্ড সঙ্গীত ও আধুনিক গান পরিবেশন করা হয়। গান পরিবেশনায় ছিল শিক্ষার্থী আনিকা বুশরা, তুতুল নাথ, ফয়সাল, শামীমসহ আরো অনেকে। নৃত্য পরিচালনায় ছিল শিক্ষার্থী সুমনা চৌধুরী। নাটক পরিচালনায় ছিল শিক্ষার্থী বিশ্বজিৎ, কেয়া ও দেবদিপ। আকর্ষণীয় র‍্যাম্প শো পরিচালনায় ছিল শিক্ষার্থী জোবায়ের চৌধুরী ও তানজিনা তাহি। আবৃত্তি পরিচালনায় শিক্ষার্থী প্রিয়রাজ। মঞ্চ সজ্জার দায়িত্বে ছিল শিক্ষার্থী গালিব ও প্রিতুল। আরো চমক ছিল বৈশাখী মেলার আয়োজন। স্টলগুলোতে ছিল পান্তা ইলিশ, চটপটি, নানা রকম পিঠা, বিভিন্ন ধরনের পোষাক ও খেলার স্টল। পুরো প্রাঙ্গণ ছিল কানায় কানায় রঙ দিয়ে সাজানো। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ব্যবসা-শিক্ষা অনুষদের সহকারী ডিন এম. মঈনুল হক এবং ব্যবসা-শিক্ষা অনুষদের ছাত্র-ছাত্রী ও শিক্ষক-শিক্ষিকাবৃন্দ। অনুষ্ঠানের এক পর্যায়ে উপস্থিত হয়েছিলেন রেজিস্ট্রার খুরশিদুর রহমান। অনুষ্ঠানের সার্বিক তত্ত্বাবধানে ছিল ব্যবসা-শিক্ষা অনুষদের সাংস্কৃতিক কমিটি।

**ইংরেজি বিভাগ:** জিইসি মোড়স্থ প্রিমিয়ার ইউনিভার্সিটি ভবনে ইংরেজি বিভাগের আয়োজনে বাংলা বর্ষবরণ উৎসব ছিল খুবই মনোমুগ্ধকর। আবহমান বাংলা সংস্কৃতির চিরায়ত উপাদানগুলো আল্পনা এবং অন্যান্য মাধ্যমের মধ্য দিয়ে ফুটিয়ে তুলে সারা ক্যাম্পাস অলংকৃত করেছিল শিক্ষার্থীরা। সাথে ছিল ঐতিহ্যবাহী খাবার এবং হস্তশিল্পের প্রদর্শনী। জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য ও প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিভাগের অধ্যাপক ড. মোহীত উল আলমের স্বাগত বক্তব্যের মাধ্যমে শুরু হওয়া মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান দিনব্যাপি সমবেত শিক্ষক ও শিক্ষার্থীদের নির্মল আনন্দ-বিনোদনের উৎস হয়ে ছিল। শেষ বিকেলে একটি স্বতঃস্ফূর্ত ফ্যাশমবের মধ্য দিয়ে শেষ হয় দিনব্যাপি এই উৎসবের।

**স্থাপত্য বিভাগ:** প্রবর্তক মোড়স্থ প্রিমিয়ার ইউনিভার্সিটি ভবনে বাংলা নববর্ষ ১৪২৬ উদযাপন উপলক্ষে স্থাপত্য বিভাগের উদ্যোগে আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। বিভাগের চেয়ারম্যান সোহেল এম শাকুরের সভাপতিত্বে এ




অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্যের উপদেষ্টা ও প্রধান প্রকৌশলী আবু তাহের। সাংস্কৃতিক অনুষ্ঠানে স্থাপত্য বিভাগের শিক্ষার্থীরা বৈশাখী গান ছাড়াও রবীন্দ্র সঙ্গীত, বাউল সঙ্গীত, লোকসঙ্গীত এবং নৃত্য পরিবেশন করে। সাংস্কৃতিক অনুষ্ঠানের শেষে ছিল চড়ুইভাতি। এতে ছিল হরেক রকমের খাবারের আয়োজন। খাবারগুলোর নাম লেখা ছিল চট্টগ্রামের আঞ্চলিক ভাষায়। স্থাপত্য বিভাগের শিক্ষার্থী মারওয়া আনজুমানের সঞ্চালনায় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিভাগের সহযোগী অধ্যাপক আশিকুর রহমান, সহকারী অধ্যাপক হোসেন মুরাদ, প্রভাষক কুহেলি চৌধুরী, প্রিনিয়া আব্বাসি খানম, মাইনুল হাসান তুহিন, সায়মা জাহান, মেহেনোজ হাসান রাখি, ইমরান বিন হোসেন, নোবেল মল্লিক, সারা মোবাশ্বেরা, শেখ মাহফুজ আলম প্রমুখ।

## ইংরেজি বিভাগের মাসিক সাহিত্য সেমিনার অনুষ্ঠিত

২৭ মার্চ ২০১৯, জিইসি মোড়স্থ প্রিমিয়ার ইউনিভার্সিটি ভবনে এই ইউনিভার্সিটির ইংরেজি বিভাগের মাসিক সাহিত্য সেমিনার অনুষ্ঠিত হয়েছে। বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খানের সভাপতিত্বে এই সেমিনারে প্রধান আলোচক ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিভাগের অধ্যাপক ড. মোহীত উল আলম। সেমিনারে দুইটি প্রবন্ধ উপস্থাপন করেন সহকারী অধ্যাপক মো. সোলাইমান চৌধুরী ও প্রভাষক আলমগীর মোহাম্মদ। যথাক্রমে প্রবন্ধ দুইটির শিরোনাম হচ্ছে, "Loss of Belief and Discovering the Self: A Study of George Eliot's Silas Marner" এবং "Ballad of Ayesha, A Tale of a Fighting Woman in the Patriarchal Normativity of Bengali Society". প্রধান আলোচক ড. মোহীত উল আলম প্রবন্ধ দুইটির জ্ঞানগর্ভ বিশ্লেষণ করেন। এছাড়া আলোচনা করেন সহকারী অধ্যাপক আবদুর রহিম ও রুমানা চৌধুরী। সঞ্চালক ছিলেন সহকারী অধ্যাপক শাহনাজ পারভীন।







পিইউডিএস জাতীয় বিতর্ক উৎসবের সমাপনীতে উপাচার্য ড. অনুপম সেন

## সমাজ ও সভ্যতার অগ্রগতিতে বিতর্কের বিরাট ভূমিকা রয়েছে

'তারুণ্য তব ভাঙার গানে, জাগবে প্রলয় ক্ষুব্ধ প্রাণে' এ শ্লোগান সামনে রেখে প্রিমিয়ার ইউনিভার্সিটির কেন্দ্রীয় বিতর্ক সংগঠন প্রিমিয়ার ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটি আয়োজিত সপ্তাহ ব্যাপি পিইউডিএস ৭ম জাতীয় বিতর্ক উৎসব শেষ হয়েছে ১৬ মার্চ ২০১৯, দামপাড়াস্থ প্রিমিয়ার ইউনিভার্সিটি অডিটোরিয়ামে। এবারের উৎসবে স্কুল পর্যায়ের চূড়ান্ত পর্যায়ে চ্যাম্পিয়ন হয়েছে চট্টগ্রাম কলেজিয়েট স্কুল, কলেজ পর্যায়ে চ্যাম্পিয়ন হয়েছে চট্টগ্রাম ক্যান্টনমেন্ট কলেজ ও বিশ্ববিদ্যালয় পর্যায়ে চ্যাম্পিয়ন হয়েছে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ডিবেটিং সোসাইটি। স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয় পর্যায়ে যথাক্রমে রানার আপ হয়েছে সরকারি মুসলিম উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম কলেজ ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় স্কুল অব ডিবেট।

সমাপনী দিনে পুরস্কার বিতরণী পর্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী ও একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ড. অনুপম সেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিভাগের অধ্যাপক ড. মোহীত উল আলম, গণিত বিভাগের চেয়ারম্যান ইফতেখার মনির, পিইউডিএস-এর মডারেটর সঞ্জয় বিশ্বাস, নিলুফার সুলতানা, সাইফুদ্দিন মুন্না। পিইউডিএস-এর চিফ মডারেটর জুলিয়া পারভীনের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাপনী পর্বে প্রধান অতিথির বক্তব্যে ড. অনুপম সেন বলেন, 'সমাজ ও সভ্যতার অগ্রগতিতে তর্ক বিরাট ভূমিকা রেখেছে। তর্কের ভিত্তি যৌক্তিক হলেই তর্ক সার্থক। অন্যথা তর্ক মানুষকে বিপথেও চালিত করতে পারে। তর্ককেও মানবিক হতে হবে। প্রাচীন গ্রীস ও রোমসহ বিশ্বের বিভিন্ন দেশে গণতন্ত্র প্রতিষ্ঠা থেকে শুরু করে আমাদের দেশের স্বাধীনতা সংগ্রামেরও ভিত্তি যুক্তি বা তর্ক। যুক্তির প্রয়োগেই তর্ক। যেমন, গ্যালিলিও অ্যারিস্টটলের বক্তব্য খণ্ডন করেছিলেন যুক্তির মাধ্যমে–যে যুক্তির ভিত্তি ছিল সত্যের উপর প্রতিষ্ঠিত। তিনি ইতালির পিসা শহরে লিনিং বা হেলে যাওয়া টাওয়ার থেকে একটি বড়ো ও একটি ছোট প্রস্তর খণ্ড ফেলে দিয়ে দেখিয়েছিলেন দু'টি একই সঙ্গে মাটি স্পর্শ করছে। অর্থাৎ অ্যারিস্টটলের বক্তব্য, যা হাজার বছর ধরে মানুষ গ্রহণ করে এসেছিল যে, একটি বড়ো ও একটি ছোট বস্তু ফেলে দিলে বড়োটি আগে মাটি স্পর্শ করবে, কিন্তু এ বক্তব্যটি সত্যের উপর প্রতিষ্ঠিত ছিল না। গ্যালিলিও যুক্তি প্রয়োগ করেই দেখিয়েছিলেন, সত্য পরীক্ষার (এক্সপেরিমেন্ট) উপর নির্ভর করে, পরীক্ষার ভিত্তি যুক্তি। সমাপনী পর্বে আরও বক্তব্য রাখেন পিইউডিএস-এর সভাপতি আরিফুল ইসলাম, সাধারণ সম্পাদক তাসনিয়া আল সুলতানা ও প্রতিযোগিতা পরিচালক সাজিদ আনোয়ার। প্রতিযোগিতার চূড়ান্ত পর্বে বিচারক হিসেবে উপস্থিত ছিলেন সাবেক বিতার্কিক সাইফ উদ্দিন, সাবের শাহ, নাসির উদ্দিন, শহীদুল মোস্তফা, রায়হান শাকিল, তানভির আহমেদ সিদ্দিকি, আনিসুর রহমান, শুভাশিষ চৌধুরী, তন্ময় বড়ুয়া, ইনজামামুল হক। এবারের বিতর্ক উৎসবে স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয় পর্যায়ে ২৪টি স্কুল বিতর্ক দল, ১৮টি কলেজ বিতর্ক দল ও সারা দেশের সরকারি ও বেসরকারি মিলিয়ে মোট ৩২টি বিশ্ববিদ্যালয় বিতর্ক দল অংশ নিয়েছে। পুরস্কার বিতরণী অনুষ্ঠান শেষে প্রিমিয়ার ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটির ৮ম কার্যকরী কমিটির সভাপতি হিসেবে কাজী নুরুল হক ও সাধারণ সম্পাদক হিসেবে মার্সেল অনিক হালদারের নাম ঘোষণা করা হয়।

## অর্থনীতি বিভাগে কর্মশালা



হাজারী লেইনস্থ প্রিমিয়ার ইউনিভার্সিটি ভবনে এই ইউনিভার্সিটির অর্থনীতি বিভাগে সম্প্রতি 'স্ট্যাটিসটিক্যাল সফটওয়ার ফর সোসাল সায়েন্স' শীর্ষক এক কর্মশালা অনুষ্ঠিত হয়। এই কর্মশালায় রিসোর্স পার্সন হিসেবে ছিলেন বিভাগীয় প্রভাষক বদরুল হাসান আউয়াল। এসময় উপস্থিত ছিলেন অর্থনীতি বিভাগের চেয়ারম্যান ফারজানা ইয়াসমিন চৌধুরী এবং অন্যান্য শিক্ষকবৃন্দ। কর্মশালাটিতে প্রায় ৫০ জন শিক্ষার্থী অংশগ্রহণ করে।

## কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের 'আইটি ফেস্ট'

'বর্তমানে ইন্টারনেটের যুগে তথ্য নিরাপত্তা ও সুরক্ষায় সকল আইসিটি প্রফেশনালদের ইথিক্যাল হ্যাকিং বিষয়ে ন্যূনতম প্রায়োগিক জ্ঞান প্রয়োজন, যার মাধ্যমে বাংলাদেশের ডিজিটাল নিরাপত্তা সুনিশ্চিত করতে আইসিটি সিকিউরিটি প্রফেশনালগণ কাজ করতে পারবেন।'

২১ মার্চ ২০১৯, প্রবর্তক মোড়স্থ প্রিমিয়ার ইউনিভার্সিটি ভবনে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের আয়োজনে 'আইটি ফেস্ট-২০১৯'-এর ইথিক্যাল হ্যাকিং সেমিনারে কীনোট স্পিকার সহকারী অধ্যাপক খালেক মোহাম্মদ আশিক কামাল এসব কথা বলেন। আইইইই এর সহযোগিতায় অনুষ্ঠিত এই সেমিনারে স্বাগত বক্তব্য রাখেন বিভাগের সহযোগী অধ্যাপক এন ইউ এম আকরামুল কবির খান। সমাপনী বক্তব্য রাখেন আইইইই প্রিমিয়ার ইউনিভার্সিটি স্টুডেন্ট ব্রাঞ্চের কাউন্সিলর ও তড়িৎ প্রকৌশল বিভাগের চেয়ারম্যান টুটন চন্দ্র মল্লিক। সহকারী অধ্যাপক মিনহাজ হোসাইনের পরিচালনায় সেমিনারে অংশগ্রহণ করেন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ ও তড়িৎ প্রকৌশল বিভাগের শিক্ষার্থীবৃন্দ। এতে উপস্থিত ছিলেন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক রোকনউদ্দিন ওসমানী ও ফারহানা শিরিণ চৌধুরী, প্রভাষক তন্বী ধুম, মোহাম্মদ মেহেদি হাসান ও মো. আরিফুল ইসলাম ভুঁইঞা প্রমুখ।



পিইউডিএস-এর সাথে সৌজন্য সাক্ষাৎকালে উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন

## ভালো, মন্দ খুঁজে পেতে বিতর্কের বিকল্প নেই

আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী ও শিক্ষায় একুশে পদকপ্রাপ্ত প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বলেন, 'শিক্ষার্থীদের জীবনে সামনে এগিয়ে যাওয়ার জন্য বিতর্ক সঠিক পথ বাছাই করতে সহায়তা করে। ভালো, মন্দ খুঁজে পেতে বিতর্কের বিকল্প নেই। পিইউডিএস ধারাবাহিকভাবে বিতর্কের যে চর্চা করে যাচ্ছে, তা নিঃসন্দেহে সমাজে একটি ইতিবাচক ভূমিকা রাখবে।'

১০ এপ্রিল ২০১৯, প্রবর্তক মোড়স্থ প্রিমিয়ার ইউনিভার্সিটি ভবনে উপাচার্য মহোদয়ের কার্যালয়ে উপাচার্য প্রফেসর ড. অনুপম সেনের সাথে প্রিমিয়ার ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটি-পিইউডিএস-এর বিতার্কিকেরা সৌজন্য সাক্ষাতে মিলিত হলে তিনি এসব কথা বলেন। সম্প্রতি 'যুক্তি হোক তীক্ষ্ণধার, চেতনা হোক সমতার' শ্লোগান সামনে রেখে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় স্কুল অব ডিবেটের আয়োজনে ২৮টি বিশ্ববিদ্যালয়ের ৩২টি দলের অংশগ্রহণে বিতর্ক প্রতিযোগিতায় পিইউডিএস রানার আপ হওয়ায় এই পিইউডিএস-এর বিতার্কিকেরা উপাচার্যের সাথে সাক্ষাত করেন। বিতার্কিকদের মধ্যে ছিলেন পিইউডিএস-এর সাবেক সাধারণ সম্পাদক তাসনিয়া আল সুলতানা, সভাপতি কাজী নুরুল হক, সহ-সভাপতি রাজর্ষি ধর রাজ, সাধারণ সম্পাদক মার্সেল অনিক হালদার প্রমুখ। এসময় উপস্থিত ছিলেন পিইউডিএস-এর মডারেটর সঞ্জয় বিশ্বাস, সাইফুদ্দিন মুন্না এবং অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর (স্টুডেন্ট ওয়েলফেয়ার) পঙ্কজ বিশ্বাস প্রমুখ। উল্লেখ্য, উক্ত বিতর্ক প্রতিযোগিতায় পিইউডিএস-এর সভাপতি কাজী নুরুল হক শ্রেষ্ঠ বিতার্কিক নির্বাচিত হন।



# প্রিমিয়ার ইউনিভার্সিটি বুলেটিন

আইটি ফেস্টের সমাপনীতে উপাচার্য ড. অনুপম সেন

## যে-জাতি জ্ঞানে এগুবে, সে-জাতি তত বেশি উন্নতি লাভ করবে

আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী ও শিক্ষায় একুশে পদকপ্রাপ্ত প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন আজকের বিশ্বকে 'জ্ঞানের বিশ্ব' উল্লেখ করে বলেন, যে-জাতি জ্ঞানে এগুবে, সে-জাতি তত বেশি উন্নতি লাভ করবে। তিনি বলেন, বিজ্ঞান দ্রুত এগুচ্ছে, একই সাথে এগুচ্ছে প্রযুক্তি। এই বিজ্ঞান ও প্রযুক্তির সাথে তাল মিলিয়ে দ্রুত এগিয়ে যাচ্ছে এশিয়া। এশিয়ার দু'টি গুরুত্বপূর্ণ দেশ ভারত ও চীন। এই দু'টি দেশ বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রে অনেকদূর এগিয়ে গেলেও চীনের ক্ষেত্রে বলতে হয়, চীন ভারতের চেয়ে এগিয়ে। চীন কিছুদিন আগে চাঁদের অন্ধকার পাশে স্যাটেলাইট পাঠিয়েছে। তাছাড়া চীন এখন কোয়ান্টাম কম্পিউটার আবিষ্কারের পথে। আমেরিকা ভয় পাচ্ছে, তাদের আগে চীন কোয়ান্টাম কম্পিউটার আবিষ্কার করতে পারে, এই কথা ভেবে। প্রিমিয়ার ইউনিভার্সিটির কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের উদ্যোগে তিনদিন ব্যাপি আয়োজিত এই বিভাগের আইটি ফেস্টের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। ০৭ এপ্রিল ২০১৯, বিকেল ৩ টায় প্রবর্তক মোড়স্থ প্রিমিয়ার ইউনিভার্সিটি অডিটোরিয়ামে সহকারী অধ্যাপক মিনহাজ হোসাইনের সঞ্চালনায় এই অনুষ্ঠানে সভাপতিত্ব করেন প্রিমিয়ার ইউনিভার্সিটির প্রকৌশল অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন ভ্যালেইয়ার জবসের সিনিয়র বিজনেস অ্যানালিস্ট ওয়াহিদ উজ জামান ও ডাটাসফট সিস্টেম বাংলাদেশ লিমিটেডের আইওটির প্রোগ্রাম ডিরেক্টর সামি উল ইসলাম। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন তড়িৎ প্রকৌশল বিভাগের চেয়ারম্যান টুটন চন্দ্র মল্লিক, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের সহযোগী অধ্যাপক আকরামুল কবির খান, সহকারী অধ্যাপক ফারহানা শিরিণ চৌধুরী, খালেক মোহাম্মদ আশিক কামাল, কিংশুক ধর প্রমুখ। উল্লেখ্য, তিনদিন ব্যাপি আয়োজিত আইটি ফেস্টে বিভিন্ন প্রতিযোগিতার আয়োজন করা হয়। এসব প্রতিযোগিতা ছাড়াও চলচ্চিত্র ও ফটো বিষয়ক দু'টি সেশন অনুষ্ঠিত হয়। চলচ্চিত্র সেশন পরিচালনা করেন চলচ্চিত্র পরিচালক ওয়াহিদ তারেক। ফটো সেশন পরিচালনা করেন প্রখ্যাত ফটোগ্রাফার শোয়েব ফারুকী। সমাপনী অনুষ্ঠানে প্রতিযোগিতায় বিজয়ী শিক্ষার্থীদের পুরস্কার প্রদান করা হয়। এছাড়া কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের জুলাই-২০১৭, জানুয়ারি-২০১৮ ও সেপ্টেম্বর-২০১৮ সেশনের ১ম-৮ম সেমিস্টারের শিক্ষার্থীদের একাডেমিক অ্যাওয়ার্ড প্রদান করা হয়।




## অধ্যাপক এ.কে.এম. তফজল হককে প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার পদে নিয়োগ



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মহামান্য রাষ্ট্রপতি আবদুল হামিদ (বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর ৩৩ (১) ধারা অনুযায়ী) প্রিমিয়ার ইউনিভার্সিটি'র ট্রেজারার পদে অধ্যাপক এ.কে.এম. তফজল হককে নিয়োগ প্রদান করেছেন। অধ্যাপক এ.কে.এম. তফজল হক আগামী ৪ বছর এই পদে দায়িত্ব পালন করবেন। চট্টগ্রামের সীতাকুণ্ডে জন্মগ্রহণকারী অধ্যাপক এ.কে.এম. তফজল হক চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় থেকে ১৯৮৯ সালে ম্যানেজমেন্টে স্নাতক (সম্মান) ও ১৯৯০ সালে স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন। ১৯৯৫ সালে তিনি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ম্যানেজমেন্ট বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেন। ১৯৯৮ সালে তিনি সহকারী অধ্যাপক, ২০০৫ সালে সহযোগী অধ্যাপক ও ২০১৫ সালে অধ্যাপক হিসেব পদোন্নতি লাভ করেন। তিনি একাডেমিক কাউন্সিলসহ প্রশাসনিক বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন। তিনি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের নির্বাচিত সদস্য ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির যুগ্ম সম্পাদক ছিলেন। তিনি দেশে-বিদেশে বিভিন্ন আন্তর্জাতিক মানের সেমিনারে অংশগ্রহণ করেছেন। এছাড়া আন্তর্জাতিক মানের বিভিন্ন জার্নালে তাঁর গবেষণামূলক অনেক লেখা প্রকাশিত হয়।

## গণিত বিভাগে রিসার্চ প্রজেক্টের উপর সেমিনার অনুষ্ঠিত

২১ মার্চ ২০১৯, প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ একাডেমিক ভবনে গণিত বিভাগের সেমিনার কক্ষে 'রিসার্চ প্রজেক্ট : এ নিউ টেরেইন টু এক্সপ্লোর' শীর্ষক একটি সেমিনার অনুষ্ঠিত হয়। রিসার্চ প্রজেক্টের বিভিন্ন দিক নিয়ে এই সেমিনারে মূলপ্রবন্ধ উপস্থাপন করেন বিভাগের চেয়ারম্যান মো. ইফতেখার মনির। প্রজেক্ট ওর্য়াক সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীরা উক্ত সেমিনারে অংশগ্রহণ করেন। এতে উপস্থিত ছিলেন গণিত বিভাগের শিক্ষক শাহরিন আকতার, রাজিব কর্মকার ও টিচিং অ্যাসিস্ট্যান্ট পারভিন আকতার প্রমুখ।





# Premier University

## ADMISSION

### Admission Qualifications

Candidates with at least GPA 5 (having minimum GPA 2.5 or 2nd division in both SSC & HSC or in equivalent examinations) or GPA 6 (combined, but score not less than GPA 2 in any individual examination) are eligible for admission to undergraduate programs. For admission to Masters' Programs candidates should have requirement of admission to Bachelor Degree Program as mentioned above and must have also at least GPA 2 in Degree Examinations. For E.M.B.A. one year's work experience will also be required.

### Undergraduate Programs

- B.B.A. (Accounting, Finance, Marketing, Management & H.R.M.)
- LL.B. (Honors)
- B.A. (Honors) in English
- B.Sc. in E.E.E.
- B.Sc. in C.S.E.
- Bachelor of Architecture
- B.S.S. (Honors) in Economics
- B.Sc. (Honors) in Mathematics
- B.Sc. (Honors) in Chemistry
- B.S.S. (Honors) in Sociology and Sustainable Development

### Graduate Programs

- M.B.A. (2 years) (Accounting, Finance, Marketing & H.R.M.)
- M.B.A. (1 year) (Accounting, Finance, Marketing, Management & H.R.M.)
- E.M.B.A. (Executive M.B.A.)
- M.S.S. in Economics (1 year) Banking & Finance, Development Studies
- M.A. in English (Major in E.L.T.)
- M.A. in English (E.L.L.)
- LL.M.
- CCNA (Exploration (CISCO Networking)

Ladies Hostel



Well Furnished Hostel Accommodation Available for Female Students.



Faculty of Arts



Faculty of Business



Faculty of Law & Social Science



Faculty of Engineering & Science



Convocation Program



Administrative Building


উপদেষ্টা: প্রফেসর ড. অনুপম সেন, উপাচার্য, প্রিমিয়ার ইউনিভার্সিটি; সম্পাদক: অমল ভূষণ নাগ, অধ্যাপক, ব্যবসা-শিক্ষা অনুষদ; সহযোগী সম্পাদক: খুরশিদুর রহমান, রেজিস্ট্রার; সহকারী সম্পাদক: শামসুল আরেফীন, সহকারী জনসংযোগ কর্মকর্তা।
প্রকাশনায়: জনসংযোগ শাখা, প্রিমিয়ার ইউনিভার্সিটি, ১/এ, ও.আর. নিজাম রোড, প্রবর্তক মোড়, পাঁচলাইশ, চট্টগ্রাম। ফোন: +৮৮-০৩১-৬৫৬৬১২-১৪, ৬৫৬৯১৭, ৬৫৭৬৫৪, ই-মেইল: info@puc.ac.bd, ওয়েবসাইট : www.puc.ac.bd, www.facebook.com/PremierUniversityChittagong